



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

সরবরাহ-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.mofood.gov.bd



নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৩৩.০০৩.২২.৩৫৭

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯

২৯ আগস্ট ২০২২

পরিপত্র

বিষয়: ওএমএস ও টিসিবি'র কার্যক্রম সমন্বয় সাধনের মাধ্যমে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় প্রক্রিয়া।

Public Food Distribution System (পিএফডিএস) এর আওতায় খোলা বাজারে খাদ্যশস্য বিক্রি একটি গুরুত্বপূর্ণ কর্মসূচি। খাদ্যশস্যের বাজার মূল্যের উর্ধ্বগতির প্রবণতা রোধ করে নিম্ন আয়ের জনগোষ্ঠীকে মূল্য সহায়তা দেয়া এবং বাজার দর স্থিতিশীল রাখার লক্ষ্যে ওএমএস কার্যক্রম পরিচালনা করা হয়। আগামী ০১ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. তারিখ হতে পরিচালিত ওএমএস কার্যক্রমে টিসিবি'র কার্ডধারীগণকে সমন্বয় করে খাদ্যশস্য বিতরণ করার লক্ষ্যে নিম্নরূপ পদ্ধতি অনুসরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো:

ক) ওএমএস কার্যক্রমে চাল বিক্রয় করার জন্য ক্রেতাদের ২ (দুই) টি পৃথক লাইন করতে হবে। একটি লাইনে সাধারণ ক্রেতাগণ এবং অপর লাইনে টিসিবি'র কার্ডধারীগণ দাঁড়াবেন;

খ) টিসিবি'র কার্ডধারীগণকে অগ্রাধিকার ভিত্তিতে চাল প্রদান করতে হবে। ডিলারের নিকট সংশ্লিষ্ট দিনের চালের বরাদ্দ শেষ হয়ে গেলে পরবর্তীতে আসার অনুরোধ জানাতে হবে;

গ) টিসিবি'র কার্ডধারীগণ পাক্ষিক ৫ কেজি করে মাসে ২ (দুই) বার মোট ১০ কেজি চাল ক্রয় করতে পারবেন। টিসিবি'র কার্ডধারীগণকে চাল প্রদানের পর ওএমএস ডিলারগণ টিসিবি'র কার্ডের পিছনে নমুনা সীল/পাক্ষিঃ মেশিন দিয়ে কার্ডের উপরে প্রতিবারের জন্য ১টি ছিদ্র করে দিবেন;

ঘ) জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন কর্তৃক ডিলারের কার্যক্রম তদারকি করার জন্য প্রয়োজনীয় সংখ্যক তদারকি কর্মকর্তা/ট্যাগ অফিসার নিয়োগ করতে হবে। তদারকি কর্মকর্তা/ট্যাগ অফিসার বিক্রয় স্থলে দিনের বিক্রয়যোগ্য খাদ্যশস্যের বস্তা ও পরিমাণ সম্পর্কে সন্তুষ্ট হয়ে বিক্রয় আদেশ দিবেন;

ঙ) জনপ্রতি নির্ধারিত পরিমাণ চাল/আটা বিক্রয় ও বিক্রিত খাদ্যশস্যের মান্টার রোল ডিলারগণ তৈরি করে সংরক্ষণ করবেন;

চ) ওএমএস বিক্রয় কেন্দ্র সহজে চিহ্নিতকরণের জন্য দোকান/ট্রাকে প্যানাফ্লেক্স (লাল রং) ব্যানার (৬ ফুট- ৩ ফুট) ঝুলাতে হবে এবং প্যানাফ্লেক্স (লাল রং) ব্যানারে মাথাপিছু সর্বোচ্চ কতকেজি চাল/আটা প্রদান করা হবে এবং প্রতিকেজির মূল্য কত টাকা তা উল্লেখ থাকতে হবে;

ছ) জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ ওএমএস কমিটির সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সভা আয়োজনের পর লোকাল ক্যাবল টেলিভিশনের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন;

জ) কর্মসূচির শুরুর প্রথম দিন অর্থাৎ ১ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. তারিখ সচিব, খাদ্য মন্ত্রণালয়, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণ এক বা একাধিক কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করবেন;

ঝ) প্রথম পর্যায়ে প্রচারের জন্য বিক্রয় কেন্দ্রের কমান্ড এরিয়াতে ঢোল শহরত ও মাইকিং এর ব্যবস্থা করতে হবে যাতে সাধারণ মানুষ জানতে পারে;

ঞ) আঞ্চলিক/জেলা/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

ট) প্রতিদিন বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ ই-মেইলের মাধ্যমে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় সম্পর্কিত তথ্য খাদ্য অধিদপ্তরে প্রেরণ এবং মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর পরের দিন সকাল ১০.০০ ঘটিকার মধ্যে সকল তথ্য সমন্বিত করে খাদ্য মন্ত্রণালয়ে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করবেন;

ঠ) খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ এর সকল নির্দেশাবলি/নিয়ামাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৯-৮-২০২২

মোঃ ইসমাইল হোসেন এনডিসি

সচিব

ফোন: +৮৮০২৫৫১০০০৮৮

ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮

ইমেইল:

secretary@mofood.gov.bd

বিতরণ:

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩) সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়।
- ৪) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর।
- ৫) অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৬) বিভাগীয় কমিশনার (সকল)।
- ৭) যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৮) উপ-সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
- ৯) জেলা প্রশাসক (সকল)।

- ১০) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
১১) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

বন্টন শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০১৪.১৯.৬২৯

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯

২৯ আগস্ট ২০২২

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পৃষ্ঠাংকন করা হলো।



২৯-৮-২০২২

তপন কুমার দাস

পরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২-৪১০৫০০৯১

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৮৫০৯০

ইমেইল: dsdm@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৫২.৫৭.০১৪.১৯.৬২৯/১

তারিখ: ১৪ ভাদ্র ১৪২৯

২৯ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, প্রশাসন/সববি/চসসা/হিসাব ও অর্থ/সংগ্রহ/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ
- ৫) অতিরিক্ত পরিচালক, খাদ্য অধিদপ্তর (সকল)
- ৬) প্রধান মিলার, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
- ৭) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)
- ১০) উপপরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ১১) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)

২৯-৮-২০২২

মোঃ আফিফ-আল-মাহমুদ ভূঞা

উপপরিচালক